দৈনিক ইত্তেফাক

তারিখ 25 SEP 1998
পৃষ্ঠা: ১৮ কলাম: ৩

# বরিশাল ক্যাডেট কলেজ শীর্ষে

বরিশাল অফিস ॥ বরিশাল ক্যাডেট কলেজ যশোর বোর্ডে এইচএসসি পরীক্ষায় অপূর্ব রেজাল্ট করিয়াছে। বিজ্ঞান বিভাগে মেধা তালিকায় ২০টি স্থানের মধ্যে ১ম, ২য়, ৩য়সহ মোট ১১টি স্থান দখল করিয়াছে বরিশাল ক্যাডেটের পরীক্ষার্থীরা। মানবিক বিভাগে পাইয়াছে ২টি স্থান। এই ক্যাডেট হইতে সর্বমোট ৫৩ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। ৫২

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## শীর্ষে

(শেষ পৃঃ পর)

জন প্রথম বিভাগে ও ১ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়। এবারে এসএসসি পরীক্ষায়ও বরিশাল ক্যাডেট সারাদেশকে তাক লাগাইয়া দিয়াছিল। বিজ্ঞানের ২০টি স্থানের মধ্যে ২৫টি (যুগ্মসহ) ও মানবিকের ২০টি স্থানের মধ্যে ৩টি এই ক্যাডেট লাভ করে। বরিশাল ক্যাডেটের কৃতী এইচএসসি পরীক্ষার্থীরা হইতেছে (বিজ্ঞান)ঃ ১ম হাফিজ আল আসাদ, ২য় এসএম হায়দার, ৩য় খান মোহাম্মদ ফারহান শাহীন, ৬ষ্ঠ পিনাকী মন্ডল, ৭ম তছবির রহমান ও তৌহিদুর রহমান ভূঞা (যুগ্মভাবে), ৮ম ফয়সাল আহমদ, ১২তম জাহিদ আশ্রাফ ও তছলিম আরিফ (যুগ্মভাবে), ১৩তম শামীম আহমদ খান, ১৭তম জিয়াউর রহমান খান, (মানবিক)ঃ মোঃ ফজলে রাব্বি ৭ম, কাজী মোঃ কাওসার জাহান ১২তম।

ঝিনাইদহ ক্যাডেট কলেজ বিজ্ঞান বিভাগে ৬টি ও মানবিক বিভাগে ১টি স্থান দখল করিয়াছে।